# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৪১

৪০/ কিয়ামত (كتاب صفة القيامة والرقائق والورع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ এই বিষয়ে আরো একটি অনুচ্ছেদ।

بَابٌ مِنْهُ

---

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ خَالِدٍ الْحَذَّاءِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ، قَالَ كُنْتُ مَعَ رَهْطٍ بِإِيلِيَاءَ فَقَالَ رَجُلٌ مِنْهُمْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " يَدْخُلُ الْجَنَّةَ بِشَفَاعَةِ رَجُلٍ مِنْ أُمَّتِي أَكْثَرُ مِنْ بَنِي تَمِيمٍ " . قِيلَ يَا رَسُولَ اللَّهِ سِوَاكَ قَالَ " سِوَاىَ " . فَلَمَّا قَامَ قُلْتُ مَنْ هَذَا قَالُوا هَذَا ابْنُ أَبِي الْجَذْعَاءِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ . وَابْنُ أَبِي الْجَذْعَاءِ هُوَ عَبْدُ اللَّهِ وَإِنَّمَا يُعْرَفُ لَهُ هَذَا الْحَدِيثُ الْوَاحِدُ .

বাংলা

২৪৪১. আবূ কুরায়ব (রহঃ) ..... আবদুল্লাহ ইবন শাকীক (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, ঈলিয়ায় (বায়তুল মুকাদ্দাস) একটি দলের সঙ্গে আমি অবস্থান করছিলাম। তাঁদের একজন বলেছিলেন, আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, আমার উম্মতের জনৈক ব্যক্তির সুপারিশ বানূ আমীরের লোক সংখ্যার চেয়েও বেশী লোক জান্নাতে প্রবেশ করবে।

জিজ্ঞাসা করা হল; হে আল্লাহর রাসূল, আপনি ছাড়া অন্য কারো সুপারিশে?

তিনি বললেনঃ হ্যাঁ, আমি ছাড়া।

রাবী আবদুল্লাহ ইবন শাকীক (রহঃ) বলেনঃ তিনি যখন উঠে দাঁড়ালেন আমি জিজ্ঞাসা করলাম, ইনি কে?

তাঁরা বললঃ ইনি হলেন, ইবন আবুল জায'আ রাদিয়াল্লাহু আনহু। সহীহ, ইবনু মাজাহ ৪৩১৬, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৩৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ-গারীব। ইবন আবুল জায'আ হলেন আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু। তাঁর থেকে এই একটি হাদীসই জানা যায়।

## English

'Abdullah bin Shaqiq Umamah narrated:
" I was with a troop in Jeruselem, and a man among them said: 'I heard the Messenger of Allah (s.a.w)saying: "From the intersection of one man in my Ummah more (people) then Banu Tamim will be admitted into Paradise.' It was said: 'O Messenger of Allah! Someone other than you?' He said: 'Other than me.' So when he stood, I said: 'Who is this?' They said: 'This is Ibn Abi Al-Jadh'a.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শাকীক আল উকাইলী (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37795

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন